

## চট্টগ্রাম মহানগরীর মাধ্যমিক বিদ্যালয় ছেলেমেয়েদের ভর্তি নিয়ে অভিভাবকরা অন্তহীন উৎকণ্ঠায়

বীত কৃষ্ণ রক্তিত, চট্টগ্রাম ব্যারে : চট্টগ্রাম মহানগরীতে মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের ভর্তি নিয়ে অভিভাবকদের উৎসে-উৎকণ্ঠা বেড়েই চলেছে। ভর্তি পরীক্ষার দিন যত ঘনিযে আসছে, ততই বাড়ছে তাদের উৎসে। জানা যায়, আগামী ১৪ই জানুয়ারি থেকে নগরীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। ভর্তি পরীক্ষাকে সামনে রেখে নগরীর ৯টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে একযোগে গত ২২শে ডিসেম্বর থেকে ভর্তি ফর্ম বিতরণ শুরু হয়েছে। ফর্ম জমাদানের দিন ১০ই জানুয়ারি শেষ হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, অনেক অভিভাবক ইতোমধ্যে ২/৩টি বিদ্যালয় থেকে ভর্তি ফর্ম সংগ্রহ করেছেন। চট্টগ্রাম মহানগরীতে অনুমোদিত মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়ের সংখ্যা ১৯। এর মধ্যে ৯টি সরকারি এবং ৩৪টি বিদ্যালয় পরিচালনার দায়িত্ব নিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা বিভাগ। বাদবাকি ৮২টি বিদ্যালয় বেসরকারি উদ্যোগে পরিচালিত হয়।

প্রতিবছরই নগরীর সরকারি বিদ্যালয়গুলোতে ভর্তির চাপ থাকে বেশি। নগরীর বিদ্যালয়গুলোতে ভর্তির আসনের চাইতে ভর্তি ফর্ম বিক্রি হয়েছে ৬/৭ গুণ বেশি। ভর্তির জন্য চাপ অন্য বছরের তুলনায় ব্যতিক্রম ঘটবে বলে মনে হয় না।

অন্যান্য বছর ডিসেম্বরের মধ্যে বিদ্যালয়গুলোতে ভর্তি ফর্ম শেষ হলেও বঙ্গবন্ধু মাসের কারণে এবার নগরীর বেশির ভাগ বিদ্যালয়ে চলতি জানুয়ারি মাসে ভর্তি ফর্ম শুরু হয়েছে। অভিজ্ঞ মহলের মতে, এ বছর সরকারি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, গ্রামার স্কুল, কিন্ডারগার্টেন ও বাংলা এবং ইংলিশ মিডিয়াম স্কুলগুলোতে ৪র্থ থেকে ৯ম শ্রেণী পর্যন্ত ৪০/৪৫ হাজার ছাত্রছাত্রী ভর্তির জন্য চেষ্টা করবে। কিন্তু বিদ্যালয়ের স্বতন্ত্র কারণে অনেকে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হতে পারে।

সরকারি নগরীর খাতনামা কয়েকটি স্কুল ঘুরে দেখা যায় ইতোমধ্যে ভর্তি ফর্ম শেষ হয়ে গেছে, তারপরও বিভিন্ন মহল থেকে তদবির প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক বরাবরে। নগরীর বেসরকারি বিদ্যালয়গুলোর মধ্যে ইম্পাছানি পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, সূজনী গ্রামার স্কুল অ্যান্ড কলেজ, সাউথ পয়েন্ট স্কুল অ্যান্ড কলেজ, প্রিটোলেট স্কুল, বাংলাদেশ ইন্সটিটিউট স্কুল, বে-ভিউ স্কুল, ইডেন গ্রামার, রেসিম ইন্টারন্যাশনাল স্কুল, কেমব্রিজ টিউটোরিয়াল, চট্টগ্রাম গ্রামার স্কুল ও লিটন জুবিলি স্কুলে প্রতিদিন অসংখ্য অভিভাবক লাইন ধরে ছেলেমেয়েদের জন্য ভর্তি ফর্ম সংগ্রহ করছেন। সাধারণত প্রতিবছরই ভর্তি মৌসুমে এ বিদ্যালয়-গুলোতে ভর্তির জন্য ভিড় উপচে পড়ে। বিদ্যালয় সংশ্লিষ্ট সূত্রগুলো আরো জানায়, এ বছর ভর্তি হতে আসা অগ্রহী ছাত্রছাত্রীর সংখ্যা গণ্য হতে পারে বছরের তুলনায় বেশি। অনেক বেসরকারি স্কুলে ভর্তি সংকট তীব্র হওয়ার অনেক বিদ্যালয়ে উন্নয়নশীল ডোনেশন দিয়ে ভর্তির জন্য লবিং-তদবির করে অনেকে ছেলেমেয়েদের ভর্তির চেষ্টা করছে বলে জানা গেছে।

জানা যায়, নগরীর অনেক বিদ্যালয়ে বেতন ফি, কম ও ফোগাযোগ ব্যবস্থার সুবিধা থাকা সত্ত্বেও সেখানকার মান আশানুরূপ না হওয়ায় ভর্তি ফর্ম তখন বিক্রি হয়নি।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, নগরীর সরকারি বিদ্যালয়গুলোর মধ্যে ডা. বাবুলী উচ্চ বিদ্যালয়ে ৪র্থ শ্রেণীতে, চট্টগ্রাম উচ্চ বিদ্যালয়ে ৫ম শ্রেণীতে, নাসিরাবাদ (বালক) উচ্চ বিদ্যালয়ে ৫ম শ্রেণীতে, চট্টগ্রাম মুসলিম উচ্চ বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণীতে, বাকুলিয়া উচ্চ বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণীতে, সিটি বালিকা উচ্চ বিদ্যালয়ে ১ম থেকে ৮ম শ্রেণীতে, ১৫ই জানুয়ারি চট্টগ্রাম কলেজিয়েট স্কুলে ৯ম শ্রেণীতে, মুসলিম উচ্চ বিদ্যালয়ে ৮ম থেকে ৯ম শ্রেণীতে, ১৬ই জানুয়ারি হাজী মুহাম্মদ মহসিন উচ্চ বিদ্যালয়ে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীতে, ১৭ই জানুয়ারি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সূত্রমতে, নগরীর সরকারি বিদ্যালয়গুলোতে ভর্তির নির্ধারিত ছাত্রছাত্রীর সংখ্যা হবে প্রতি শ্রেণী ও শিফটে ৬০ জন। (গত বছরের অকৃতকার্য ছাত্র-ছাত্রীসহ) এসব বিদ্যালয়ে আগামী ২৮শে জানুয়ারির মধ্যে ভর্তির কাজ সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ লিখিত নির্দেশ দিয়েছে।